গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

## বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের জানুয়ারি/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২২ জানুয়ারি ২০২৫ খ্রি. |
| সভার সময় | ৩:০০ ঘটিকা |
| স্থান | জুম প্লাটফর্মে |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের জানুয়ারি, ২০২৫ খ্রি. মাসের সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন।

২। মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা সংশোধনী প্রস্তাব আছে কিনা তা জানতে চান। জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, গত সমন্বয় সভার কার্যবিবরণীর ৩.৩ এ সংশোধন করতে হবে যে, জানুয়ারি, ২০২৫ এর মধ্যে নমুনা বিশ্লেষণ সম্পন্ন হবে এবং জুন, ২০২৫ এর মধ্যে প্রতিবেদন দাখিল করা হবে। আর কোন মতামত বা সংশোধনী প্রস্তাব না থাকায় বর্ণিত সংশোধনীসহ সর্বসম্মতিতে গত ২৩/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত ডিসেম্বর, ২০২৪ খ্রি. মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ২৩/১২/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| **ভূবিজ্ঞান সংক্রান্ত আলোচনা** | | | |
| **অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.১ | অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখার শাখা প্রধান জনাব মো: আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, কোর নমুনা পরীক্ষা করার জন্য কয়েকটি প্রতিষ্ঠানে যোগাযোগ করা হয়েছিল এবং সর্বশেষে বিসিএসআইআর এ পরীক্ষা করার জন্য সিদ্ধান্ত নেয়া হয়েছে। সেখানে ইতোমধ্যে নমুনা প্রেরণ করা হয়েছে এবং দ্রুতই বিশ্লেষণ শেষে ফলাফল প্রেরণ করবে বলে জানিয়েছে। তিনি বলেন, যদি আশানুরূপ ফলাফল পাওয়া যায়, সেক্ষেত্রে জিডিএইচ-৭৮ এর আশপাশেই কোন একটি স্থানে আরেকটি কূপ খননের জন্য স্থান নির্ধারণ করা যেতে পারে। তিনি আরও বলেন, গেজেটভূক্ত পাথর কোয়ারিসমূহের পাথরের মজুদ, উত্তোলনের সময় নির্ধারণ সংক্রান্ত বিশেষ কর্মসূচীর বহিংগন কাজ শেষে দলগুলো সদর দপ্তরে যোগদান করেছে। তারা প্রাথমিক প্রতিবেদন প্রস্তুত করে জমা দিয়েছে এবং সেই প্রতিবেদন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এ প্রেক্ষিতে মন্ত্রণালয় থেকে কিছু কোয়ারি প্রেরণ করা হয়েছে এবং সেই আলোকে পরবর্তী কাজ চলমান রয়েছে। তিনি জানান এ সংক্রান্ত মনিটরিং কমিটিও কাজ করছে। | ক) কূপ খননের লক্ষ্যে ড্রিলিং পয়েন্ট নির্ধারণের কাজ সম্পন্ন করতে হবে।<br>খ) সিলেট ও সুনামগঞ্জ জেলার পাথর কোয়ারি সংক্রান্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে চাহিদার জবার দ্রুত প্রেরণ করতে হবে। | অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা এবং পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.২। | নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখার শাখা প্রধান জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব), বলেন, প্রতিবেদন তৈরির কাজ চলমান রয়েছে। এছাড়াও মহাপরিচালক মহোদয়ের উদ্যোগে জিএসবির ভবিষ্যৎ প্রকল্প বিষয়ক যে কর্মশালার আয়োজন করা হয়েছিল এবং সে পরিপ্রেক্ষিতে নির্বাচিত প্রকল্পের টিপিপি প্রণয়ন বিষয়ে কাজ করা হচ্ছে। | বহিরংগন কাজের প্রতিবেদন প্রণয়ন সম্পন্ন করতে হবে। | নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ। |
| **পরিবেশ ভূতত্ত্ব প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা** | | | |
| ৩.৩। | পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ এ্যাসেসমেন্ট শাখার শাখা প্রধান মিজ সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব), পরিবেশ ভূতত্ত্ব প্রাকৃতিক দুর্যোগ এ্যাসেসমেন্ট শাখার যশোরের ভবদহ এলাকায় একটি বহিরংগন কর্মসূচী রয়েছে। তিনি বলেন, এনজিআই এর চারটি আর্লিওয়ার্নিং সিস্টেম কাস্টমসে আটকে আছে এবং সেগুলো ছাড়িয়ে আনার কার্যক্রম চলমান রয়েছে। এগুলোর অবমুক্তির লক্ষ্যে কর মওকুফ চেয়ে চিঠি প্রেরণ করা হয়েছে। সভাপতি এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। মিজ সালমা আক্তার বলেন, আর্লিওয়ার্নিং সিস্টেম স্থাপনের জন্য প্রয়োজনীয় বেস তৈরির কাজ সম্পন্ন করতে দুই সদস্যের একটি টিম রাঙ্গামাটি অবস্থান করছে। বেজ তৈরী সম্পন্ন হলে সেখানে এগুলো ইনস্টলেশন করা হবে। তিনি বলেন, চলমান এই কাজ শেষ হওয়ার পর শাখার নির্ধারিত কর্মসূচি বাস্তবায়নের জন্য একটি দল বহিরঙ্গনে গমন করবে। সভাপতি জানতে চান যে, আর্লিওয়ার্নিং সিস্টেম স্থাপনের বিষয়ে আবহাওয়া অধিদপ্তরের কোন সংশ্লিষ্টতার প্রয়োজনীয়তা রয়েছে কিনা। মিজ সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, আবহাওয়া অধিদপ্তরের কাজ ফোরকাস্টিং করা পক্ষান্তরে জিএসবির কাজ অ্যাসেসমেন্ট করা এবং ভূতাত্ত্বিক তথ্য সংগ্রহ করা। এই তথ্য সংগ্রহ করে দুর্যোগ নির্ণয় করা হয় এবং মিটিগেশনের জন্য আর্লিওয়ার্নিংসহ অন্যান্য প্যারামিটার গুলো এনালাইসিস করা হয়। তাই এ বিষয়ে আবহাওয়া অধিদপ্তরের সাথে জিএসবির কাজের ভিন্নতা রয়েছে। তিনি আরও বলেন, পরিবেশ ও আবহাওয়া সম্পর্কিত আর্লিওয়ার্নিং সিস্টেম যন্ত্র স্থাপনে আবহাওয়া অধিদপ্তরেরকে জানানোর একটা বিষয় রয়েছে এবং সেজন্য তাদের অবহিত করে ইতোমধ্যে চিঠি প্রেরণ করা হয়েছে। | ক) আর্লি ওয়ার্নিং সিস্টেম স্থাপন কাজ সম্পন্ন করতে হবে।<br>খ) বহিরংগন কর্মসূচী বাস্তবায়ন করতে হবে। | পরিবেশ ভূতত্ত্ব প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা। |
| **দূর অনুধাবন ও জিআই এস শাখা** | | | |
| ৩.৪। | দূর অনুধাবন ও জিআই এস শাখার শাখা প্রধান জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, তার শাখার একটি দল বহিরংগনে গমনের লক্ষ্যে প্রস্তুতিমূলক কাজ সম্পাদন করছে। নির্ধারিত সময়ে তারা বহিরংগনে গমন করবে। | ক) যথাসময়ে বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | দূর অনুধাবন ও জিআই এস শাখা |

| | | | |
|---|---|---|---|
| **ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারি ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৫। | পরিচালক, অপারেশন ও সমন্বয় শাখা বলেন, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়াটারনারি ভূতত্ত্ব শাখার দল বহিরংগনে গমনের জন্য প্রস্তুত রয়েছে। আশা করা যায় আগামী সপ্তাহে দলটি বহিরঙ্গনে গমন করতে পারবে। এ শাখার শাখা প্রধান মিজ নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, অর্থ এবং গাড়ি সরবরাহ নিশ্চিত হলে দল বহিরঙ্গনে গমন করবে। তিনি বলেন, তাকে সভাপতি করে ভূতাত্ত্বিক মানচিত্রায়ন সংক্রান্ত প্রকল্পের প্রণয়ন কমিটি করা হয়েছে এবং এ সংক্রান্ত ইতিমধ্যে ২টি সভা করা হয়েছে। তিনি অগামী সপ্তাহের মধ্যে আগামী ১ অর্থবছরের সম্ভাব্য আর্থিক ব্যয়ের পরিমাণ জমা দিবেন। তিনি জানান যে, সম্পূর্ণ ডিপিপি/টিপিপি প্রণয়ন করতে তাকে এক মাসের বেশি দিলে ভালো হয় কারণ তার কমিটির সদস্য সচিব এবং অন্য একজন সদস্য এই সময়ে বহিরঙ্গান অবস্থান করবেন। | ক) যথাসময়ে বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা |
| **স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখা** | | | |
| ৩.৬। | পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা বলেন, স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখার ১টি দল বহিরংগন কাজ সম্পন্ন করে গত ১৯শে জানুয়ারি সদর দপ্তরে যোগদান করেছে। তারা ২৮টি পলল নমুনা ও ২৮ টি পানির নমুনাসহ মোট ৫৬ টি নমুনা সংগ্রহ করেছে। জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান বলেন, চট্টগ্রামের উপকূলীয় অংশে সামুদ্রিক দূষণের উপর কাজ করা হচ্ছে। তিনি বলেন, এখন নমুনাগুলোর ল্যাব এনালাইসিস ও মাইক্রোস্কোপিক এনালাইসিস করা হবে এবং পরীক্ষা সম্পন্ন হলে প্রতিবেদন প্রস্তুত করে জমা দেয়া হবে। | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখা |
| **ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা** | | | |
| ৩.৭। | ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখার শাখা প্রধান মিজ নুরুন নাহার ফারুকা, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, তার শাখা হতে ০১ টি দল বহিরংগনে যাওয়ার জন্য প্রস্তুতি সম্পন্ন করেছে। তিনি তার শাখার বহিরঙ্গান কার্যক্রম কিভাবে পরিচালিত হয় এবং বাস্তবায়ন করা হয় সে কাজ সরেজমিন পরিদর্শনের জন্য সভাপতি মহোদয়ের প্রতি অনুরোধ জ্ঞাপন করেন। জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, কাজটি অনেক ইন্টারেস্টিং এবং জনসাধারণ সুপেয় পানি কিভাবে পাবে এসব বিষয়ে কাজ করা হয়। তিনিও পরিদর্শনের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন এবং বলেন তিনি নিজেও এ কাজটি পরিদর্শনে যেতে আগ্রহী। সভাপতি জানতে চান যে, সেখানে ভূ-উপরিস্থিত না ভূগর্ভস্থ পানি নিয়ে কাজ করা হবে। শাখা প্রধান জানান যে, ভূগর্ভস্থ পানি নিয়ে কাজ করা হবে। সভাপতি ভূ-উপরিস্থিত পানি নিয়েও কাজ করা উচিত বলে উল্লেখ করেন এবং তিনি এই বহিরংগন কাজ পরিদর্শনের বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। | ক) যথাসময়ে বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা |
| **উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৮। | উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখার শাখা প্রধান জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, খুলনা জেলার দাকোপ উপজেলায় বহিরংগন কাজ পরিচালনার জন্য তার শাখার ১টি দল প্রস্তুতি সম্পন্ন করেছে এবং আগামী ২৬ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখে সদর দপ্তর ত্যাগের কথা রয়েছে। নির্দিষ্ট কোন এলাকাতে কাজ হবে মর্মে সভাপতি জানতে জানতে চাইলে জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, পুরো উপজেলারই মানচিত্রায়ন করা হবে। তিনি বহিরঙ্গান কাজ পরিদর্শনের জন্য সভাপতি মহোদয়ের প্রতি অনুরোধ জানালে সভাপতি বহিরঙ্গান কাজ পরিদর্শনের আশাবাদ ব্যক্ত করেন। | ক) যথাসময়ে বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা |
| **শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.৯। | শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখার শাখা প্রধান জনাব মোঃ নুরুল হক, উপরিচালক (ভূতত্ত্ব) বলেন, প্রাথমিক প্রতিবেদন আগামী সপ্তাহে জমা দেয়া হবে এবং ল্যাব এনালাইসিস এর কাজ চলমান রয়েছে। তিনি বলেন, বিভিন্ন ল্যাবে পরীক্ষার লক্ষ্যে নমুনা সরবরাহের জন্য সেগুলো প্রস্তুত করা হচ্ছে এবং আগামী দুই তিন মাসের মধ্যে পূর্ণাঙ্গ প্রতিবেদন জমা দেয়া সম্ভব হবে। | বহিরংগন কাজের প্রতিবেদন প্রণয়ন সম্পন্ন করতে হবে। | শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা |
| **অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা** | | | |
| ৩.১০। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখার শাখা প্রধান ও পরিচালক (ভূপদার্থ) খন্দকার আবুল হাসান মোহাম্মদ সাইফুর রহমান বলেন, নওগাঁ জেলার পোরসা সাপাহার এলাকায় অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ কাজ সম্পন্ন করে জরিপ দল আজ সদর দপ্তরে যোগদান করেছে। কর্মসূচি চলাকালীন তারা ২৫৫ বর্গ কিলোমিটার এলাকায় জরিপ কাজ সম্পন্ন করেছে এবং ১৭৫টি অবজারভেশন পয়েন্টে ডাটা সংগ্রহ করেছে। প্রাথমিক তথ্য বিশ্লেষণ শেষে দ্রুতই একটি প্রাথমিক প্রতিবেদন জমা দেওয়া হবে। | বহিরংগনের প্রাথমিক প্রতিবেদন প্রস্তুত করতে হবে। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা |
| **ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা** | | | |
| ৩.১১। | ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখার শাখা প্রধান ড. সুলতানা নাছরিন নূরী, পরিচালক (ভূপদার্থ) বলেন, নবীন সহকারী পরিচালক (ভূপদার্থ) গণকে ভূপদার্থিক ডাটা এনালাইসিস এর উপর প্রশিক্ষণ প্রদানের জন্য একটি চাহিদা পত্র তৈরি করা হয়েছে এবং সেটাই ইতোমধ্য পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা বরাবর প্রেরণ করা হয়েছে। | ক) নবীন সহকারী পরিচালক (ভূপদার্থ) গণকে ভূপদার্থ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা ও সংশ্লিষ্ট শাখা |
| **ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা** | | | |
| ৩.১২। | জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, খনন কাজ শেষ হবার পর গাড়ীসহ অন্যান্য লজিস্টিক সাপোর্ট প্রাপ্তি সাপেক্ষে ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা থেকে একটি দল মে মাসে বহিরংগনে যেতে পারে। জনাব মোঃ শাহজাহান, উপ-পরিচালক (ভূ-পদার্থ) ও শাখা প্রধান, ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা বলেন, শাখা হতে সে মোকাবেক প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। | ক) সময় অনুযায়ী বহিরঙ্গণে কাজের লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা |
| **বৈশ্লেষিক রসায়ন শাখা** | | | |
| ৩.১৩। | বৈশ্লেষিক রসায়ন শাখা হতে একটি দল বহিরঙ্গান কাজ শেষ করে গত মাসেই সদর দপ্তরে যোগদান করেছে। শাখা প্রধানের অনুপস্থিতিতে কাজের অগ্রগতি বিষয়ে জনাব শেখ মুহাম্মদ মেসবাহ আর রহমান, উপ-পরিচালক (রসায়ন) বলেন, প্রাথমিক প্রতিবেদন প্রস্তুতি প্রায় সম্পন্ন হয়েছে এবং আগামী দুই একদিনের মধ্যেই সেটা জমা দেয়া হবে। | ক) প্রাথমিক প্রতিবেদন প্রণয়ন সম্পন্ন করে জমা দিতে হবে। | বৈশ্লেষিক রসায়ন শাখা |
| **খনন শাখা** | | | |
| ৩.১৪। | খনন প্রকৌশল শাখার শাখা প্রধান জনাব মো: মহিরুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌশল) বলেন, কূপ খনন স্থান নির্ধারণ না হলে অন্যান্য কাজ আগানো যাবে। অতঃপর তিনি সংশ্লিষ্ট শাখাগুলোর প্রতি দ্রুত কূপ খনন স্থান নির্ধারণের বিষয়ে অনুরোধ করেন। | ক) কূপ খননের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। | খনন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **প্রশাসনিক আলোচনা** | | | |
| ৪.১। | পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, গাড়ি ক্রয়ের বিষয়ে মন্ত্রণালয় থেকে কিছু তথ্য চাওয়া হয়েছিল এবং সে তথ্যাদি ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। | গাড়ি ক্রয়ের প্রস্তাবনা অগ্রগতি মনিটর করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| ৪.২। | নিয়োগ বিষয়ে পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, চলমান ৩য় ও ৪র্থ শ্রেণির ৮০ জন কর্মচারীর আগামী ০৬ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. তারিখ যোগদানের দিন ধার্য করে নিয়োগ পত্র প্রেরণ করা হয়েছে। | ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীগণের যোগদান প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| **প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৫.১। | ২০২৪-২০২৫ অর্থবছরের প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনায় জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, প্রকাশনা ও প্রশিক্ষণ সভাপতি মহোদয়ের নিকট জনাব মোঃ নুরুজ্জামান সবুজ, উপ পরিচালক (ভূতত্ত্ব)কে কথা বলার সুযোগ দেয়ার অনুরোধ করেন। জনাব মোঃ নুরুজ্জামান সবুজ বলেন, গত মাসে আইবাস প্লাস প্লাস (ibas++) এবং পিপিআর এর উপর একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে এবং তৃতীয় শ্রেণীর কর্মচারীদের একটা গ্রুপ কে চাকুরী সংক্রান্ত একটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । তিনি বলেন, জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত ১টি কর্মশালা আয়োজন করা হয় এবং কর্মকর্তাদের গ্রাউন্ড ওয়াটার মডেলিং ও পাইথন এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। তিনি আরও বলেন, কর্মকর্তাদের একটি গ্রুপকে রাঙামাটি জেলায় ভূতাত্ত্বিক প্রশিক্ষণ প্রদানরে জন্য পিটিআই রাঙ্গামাটি থেকে একটি ব্যয় প্রস্তাবনা সংগ্রহ করে মহাপরিচালক বারবার প্রেরণ করা হয়েছে। তিনি সভাপতি মহোদয়ের জ্ঞাতার্থে বলেন যে, সভাপতি নিজে এই প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করবেন বলে সম্মতি জ্ঞাপন করেছেন। | ক) কর্মকর্তা/কর্মচারীদের ইনহাউজ এবং বিভিন্ন ট্রেনিং ইনস্টিটিউটে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।<br>খ) কর্মকর্তাদের নিয়ে রাঙ্গামাটি জেলায় একটি ভূতাত্ত্বিক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা |
| **প্রকল্প সংক্রান্ত আলোচনা** | | | |
| ৬.১। | পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় Geo-Information for the Implementatin of Climate Change-Resilient Urbanization (GICU) শীর্ষক প্রকল্পের বিষয়ে বলেন, প্রকল্পের এপিপি অনুমোদিত হয়েছে। মিজ আসমা হক, পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের অভ্যন্তরীণ বিভিন্ন কমিটি গঠন সম্পন্ন করা হয়েছে এবং গত ১৬/০১/২০২৫ খ্রি, তারিখে পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি বলেন, পিইসি বা পিআইসি মিটিং-এ যদি সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে একই সদস্যরা আসতেন তাহলে বিষয়গুলো বোঝানো সুবিধা হতো। এ বিষয়ে সভাপতি বলেন, সে ক্ষেত্রে চিঠি ইস্যু করার সময় মন্ত্রণালয়/বিভাগের যে প্রতিনিধিকে চাওয়া হচ্ছে অনুলিপিতে ব্রাকেটে দৃষ্টি আকর্ষণ লিখে সেই কর্মকর্তার নাম ও পদবী উল্লেখ করে দিতে হবে তাহলে সেই ব্যক্তি উপস্থিত হবেন।<br>'Enhancement and Strengthening of Drilling Capability of Geological Survey of Bangladesh' শীর্ষক সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পের বিষয়ে বলা হয় এটা ইতোমধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। জানাব মোঃ মহিরুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌশল) বলেন, আগামী ২৭ জানুয়ারি সকাল ১০:৩০ পরিকল্পনা কমিশনে এসপিইসি মিটিং হবে। | ক) পরিকল্পনা অনুযায়ী GICU প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে।<br><br>খ) খনন সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | GICU প্রকল্পের টীম, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং প্রকল্প সংশ্লিষ্ট কমিটি ও শাখাসমূহ। |
| ৬.২। | সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার জিওলজিক্যাল হেরিটেজের বিষয়ে জনাব মো: মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, কাজ এখনো চলমান রয়েছে তবে সিলেট পিডব্লিউডি থেকে জানানো হয়েছে যে কাজ সম্পন্ন হলে বুঝে নেয়ার জন্য তারা একটা চিঠি প্রেরণ করবে। তিনি বলেন যে, গত ২ বছর যাবত সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলায় জিওলজিক্যাল হেরিটেজ সংক্রান্ত ডিপিপি প্রণয়ন কমিটির সভাপতি হিসেবে কাজ করছেন। ফিজিবিলিটি না করা হলে এখানকার ডিপিপি পাশ করা সম্ভব হবে না কারণ এই এলাকাটি ইকোলজিকালি ক্রিটিকাল এরিয়া (ECA) হিসেবে বিবেচিত। তিনি আরও বলেন, ফিজিবিলিটি করার জন্য বাজেটে টাকা বরাদ্দ রাখা হয়েছে এবং একটা ডিমান্ডও প্রেরণ করা হয়েছে। ফিজিবিলিটি সম্পন্ন হলে পিডব্লিউডির মাধ্যমে প্রাক্কলন করে ডিপিপি জমা দেয়া হবে। | ক) সিলেটের গোয়াইনঘাটে জিওহেরিটেজের জন্য চলমান পূর্তকাজ নিয়মিত মনিটর করতে হবে।<br><br>খ) ডিপিপি প্রণয়নের প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে হবে। | জিওহেরিটেজ সংশ্লিষ্ট কমিটি। |
| **বিবিধ আলোচনা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৭. | পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা বলেন, জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত একটি কর্মশালা গত ১১/০১/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছিল। তারই ধারাবাহিকতায় গত ১৪/০১/২০২৫ খ্রি. তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে অনুষ্ঠিত সভার দিকনির্দেশনার পরিপ্রেক্ষিতে জিএসবিতে বেশ কয়েকটি প্রকল্পের টিপিপি/ডিপিপি প্রণয়নের জন্য অনেকগুলো কমিটি গঠন করা হয়েছে। কমিটিগুলো কাজ করছে এবং ২৩/০১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রথম বছরের জন্য সম্ভাব্য বরাদ্দ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া আগামী এক মাসের মধ্যে ডিপিপি বা টিপিপি প্রণয়ন করে জমা দিতে হবে। জনাব আসমা হক, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, তিনি দেশের বাহিরে অবস্থান করবেন বলে নির্দিষ্ট সময়ের মধ্যে তার পক্ষে টিপিপি জমা দেয়া কঠিন হবে, অতএব তিনি কয়েকটা দিন বাড়িয়ে দিতে অনুরোধ করেন। এ বিষয় সভাপতি বলেন, আপাতত কোন সময় বাড়ানো হবে না এবং নির্দিষ্ট সময়ের মধ্যে যে টিপিপি গুলো জমা দেয়া হবে সেগুলো আগে বিবেচনা করা হবে। এই প্রকল্পগুলোকে সুযোগ হিসেবে নেয়ার জন্য সভাপতি সকলকে নির্দেশনা প্রদান করেন এবং টিপিপিগুলো যাতে ত্রুটিমুক্ত হয় সে বিষয়ে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতি, প্রকল্প প্রণয়নের সময় প্রয়োজন হলে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনা করে নেয়ার পরামর্শ প্রদান করেন। | জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিগুলোকে টিপিপি/ডিপিপি প্রণয়ন করে জমা দিতে হবে। | জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিসমূহ এবং সংশ্লিষ্ট সকল শাখা। |
| | | | |

৮. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধ্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২-০২-২০২৫
এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ: ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৫.০০০০.০০০.০৬.০০৪.১৮.৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। জিএসবির শাখা প্রধানগণ।
৩। প্রকল্প পরিচালক (GICU), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৪। উর্ধ্বতন হিসাব রক্ষণ কর্মকর্তা , হিসাব উপশাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৫। অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

০২-০২-২০২৫
মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী
পরিচালক (ভূতত্ত্ব)